গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৭৮২ তারিখঃ ০৬ -০৩-২০১৯

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৫-০২-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারী/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫-০২-২০১৯ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জানুয়ারী/২০১৯ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ফেব্রুয়ারী, ২০১৯ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-০৩-২০১৯ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

০৬/০৩/২০১৯

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, আরইটিসি/বাজার সংযোগ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৫। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৮। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট

ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৫-২-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারী/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| তারিখ | : | ২৫ ফেব্রুয়ারী, ২০১৯ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের জানুয়ারী,২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

সভার শুরুতে পুরান ঢাকার চকবাজারের চুরিহাট্টাতে ভয়বাহ অগ্নিকান্ডে নিহতদের স্মরণে এবং কৃষিবিদ ইনস্টিটিউট এর সভাপতি জনাব এ এম এম সালেহ সাহেবের অকাল মৃত্যুতে শোক প্রস্তাব করে ১ (এক) মিনিট নীরবতা পালন করা হয়।

**১। আলোচ্য বিষয়-১:** ২৬-১২-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৬-১২-২০১৮ তারিখে নভেম্বর,২০১৮ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৬-১২-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি'র কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক এডিপি'র বরাদ্ধ মোট ৫৫০.০০ লক্ষ টাকা (রাজস্ব খাতে ২৮৯.০০ লক্ষ এবং মূলধন খাতে ২৬১.০০লক্ষ) টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ৩৪০.৪৫ লক্ষ (৬২%) টাকা ছাড় করা হলেও জানুয়ারী/১৯ পর্যন্ত ১৩০.০৮ লক্ষ ( ২৩.৬৫%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিদ্বয়ের ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ৮৮.৭২৫ লক্ষ (৭৫%) টাকা ছাড় করা হলেও জানুয়ারী/১৯ পর্যন্ত ২০.১৯ (১৭.০৬%) লক্ষ টাকা ব্যয় করা হয়। ইতোমধ্যে প্রায় ০৭ (সাত) মাস অতিক্রম হওয়ার পরও অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচিসমূহে কিস্তি ভিত্তিকি অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা দেন। এছাড়া ২০১৮-১৯ অর্থ বছরে "স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)" শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০১৮ হতে জুন, ২০২৪ মেয়াদ পর্যন্ত বাস্তবায়নের নিমিত্ত গত ১৮/১২/২০১৮ একনেক কর্তৃক অনুমোদিত হয় । প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে বিপণন কম্পোনেন্ট এর ১(এক) জন কম্পোনেন্ট ডাইরেক্টর ও ১(এক) জন ডেপুটি

কম্পোনেন্ট ডাইরেক্টর নিয়োগ করা হয়েছে। উক্ত প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপিতে ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দের জন্য ইতোমধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়েছে। একই সাথে "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পটি গত ২২/১/২০১৯ তারিখ অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২১ মেয়াদ পর্যন্ত বাস্তবায়নের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ইতোমধ্যে ১(এক) জন প্রকল্প পরিচালক (বেতন গ্রেড-৫) সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হয়েছে।

২.১ বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের অফিস-কাম-ট্রেনিং সেন্টার ৪র্থ তলা পর্যন্ত সম্প্রসারণের কাজসহ প্রকল্পের সংশোধিত অনুমোদিত ডিপিপি'র আওতায় যে সকল কাজ এখন পর্যন্ত শেষ হয়নি তা দ্রুত সময়ের মধ্যে শেষ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। যেহেতু প্রকল্পটি জুন,২০১৯ মাসে সমাপ্ত হবে বিধায় সার্বিক বিবেচনায় কার্যক্রমের গুণগতমান বজায় রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। একই সাথে সিলেট অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত বিভাগীয় উপ-পরিচালক প্রকল্পের নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনা ও মনিটরিং ব্যবস্থা জোরদার করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২ স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) শীর্ষক প্রকল্পের মেয়াদ অনুমোদনের ৭ (সাত) মাস অতিবাহিত হয়েছে বিধায় ২০১৮-১৯ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় টেন্ডার, প্রশিক্ষণ, সেমিনার/ওয়ার্কসপ, গ্রুপ গঠন ও আউটসোর্সিং-এ জনবল নিয়োগ প্রক্রিয়া ইত্যাদি কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। এছাড়া প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণের জন্য একটি আদর্শ মডিউল তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.৩ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপি'র বরাদ্দ মোতাবেক ক্রয় ও কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় টেন্ডার, প্রশিক্ষণ, গ্রুপ গঠন ও আউটসোর্সিং-এ জনবল নিয়োগ প্রক্রিয়া ইত্যাদি কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রক্কলন প্রণয়নের জন্য তড়িৎ ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি'র কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান ও জনবহুল স্থানে (সরকারি কোয়ার্টার, স্কুল ও কলেজ) বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। কর্মসূচির কার্যক্রম এবং প্রশিক্ষণ কার্যক্রম কতটুকু ফলপ্রসূ হচ্ছে, এতদবিষয়ে যাচাই বাছাই করে প্রতিবেদন প্রণয়নের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে রেডি টু কুক এন্ড রেডি টু ফুড কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষ্যে ঢাকা সেন্ট্রাল মার্কেট এর একটি কক্ষ সাময়িক ভাবে বরাদ্দ পাওয়ার জন্য সেন্টাল মার্কেটের সদস্য-সচিব বরাবর পত্র দিতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । যেহেতু কর্মসূচি'র কার্যক্রম জুন,২০১৯ সমাপ্ত হবে সেহেতু কর্মসূচির আওতায় সংগৃহীত যাবতীয় মালামালের যথাযথ ব্যবহার নিশ্চিত ও সংরক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৩: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় প্রর্দশিত ডিজিটাল ডিসপ্লেবোর্ডে প্রতিদিনের বাজার দর প্রতিদিন প্রর্দশনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড ও সার্ভারের এর টেন্ডার কার্যক্রম যথাযথ বিধিবিধান অনুসরণ পূর্বক স্পেসিফিকেশন মোতাবেক গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া ইলেক্ট্রনিক্স ডিসপ্লেবোর্ড গুলো যথাযথভাবে স্থাপন ও প্রদর্শন ব্যতীত বিল পরিশোধ না করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী নতুন প্রকল্প/কর্মসূচিসমূহের দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪-বিবিধঃ এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক বিষয়াদি সম্পর্কিত নতুন নতুন পরিকল্পনা ভিত্তিক ডিপিপি প্রস্তুত করার নিমিত্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ মার্চ/২০১৯ এর মধ্যে নীতি ও পরিকল্পনা শাখা ডিপিপি জমা দিতে বিভাগীয় উপ-পরিচালকদের সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া অধিদপ্তরের বাস্তবায়িত সকল প্রকল্প ও কর্মসূচির মালামাল প্রকল্প/কর্মসূচির সদর দপ্তরের ডেড স্টক রেজিষ্ট্রারে অর্ন্তভূক্ত করে পরবর্তিতে বিতরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | (ক) প্রকল্পের আওতায় যে সকল নির্মাণ কাজ এখন পর্যন্ত শেষ হয়নি তা দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে।<br>(খ) সিলেট অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত বিভাগীয় উপ-পরিচালক প্রকল্পের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে মনিটরিং ব্যবস্থা জোরদার করবেন। | প্রকল্প পরিচালক আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৪.২ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় টেন্ডার, প্রশিক্ষণ, সেমিনার/ওয়ার্কসপ, কৃষক দল গঠন ও আউটসোর্সিং-এ জনবল নিয়োগ প্রক্রিয়া ইত্যাদি কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রকল্পের আওতায় অনুষ্ঠিতব্য যাবতীয় প্রশিক্ষণের জন্য একটি আদর্শ মডিউল তৈরী করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৪.৩ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপি'র বরাদ্দ মোতাবেক ক্রয় ও কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় টেন্ডার, প্রশিক্ষণ, কৃষক দল গঠন ও আউটসোর্সিং-এ জনবল নিয়োগ প্রক্রিয়া ইত্যাদি কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রকল্পের আওতায় ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রক্কলন প্রণয়নপুর্বক যাবতীয় কার্যক্রম শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প |
| ৪.৪ | (ক) কর্মসূচির কার্যক্রমকে ই-মার্কেটি এর সাথে লিংক করে নতুন কর্মসূচি'র প্রস্তাব তৈরী করতে হবে। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম কতটুকু ফলপ্রসূ তা যাচাই বাছাই করে প্রতিবেদন দিতে হবে।<br>(খ) ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে রেডি টু কুক এন্ড রেডি টু ফুড কার্যক্রম সম্প্রসারণ করা লক্ষ্যে ঢাকা সেন্ট্রাল মার্কেট এর একটি কক্ষ সাময়িক ভাবে বরাদ্দ পাওয়ার জন্য সেন্টাল মার্কেটের সদস্য-সচিব বরাবর পত্র দিতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি। |

| | | |
|---|---|---|
| | (গ) কর্মসূচির আওতায় সংগৃহীত যাবতীয় মালামালের যথাযথ ব্যবহার নিশ্চিত ও তালিকা ভিত্তিক সংরক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ৪.৫ | (ক) ডিজিটাল ডিসপ্লেবোর্ডে প্রতিদিনের বাজার দর প্রতিদিন প্রদর্শনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে স্থাপিত ডিসপ্লেবোর্ডসমূহ সচল করে বাজার তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড ও সার্ভারে টেন্ডার কার্যক্রম যথাযথ বিধিবিধান অনুসরণ পূর্বক স্পেসিফিকেশন মোতাবেক গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |
| ৪.৬ | (ক) এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক বিষয়াদি সম্পর্কিত নতুন নতুন পরিকল্পনা ভিত্তিক ডিপিপি প্রস্তুত করার নিমিত্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ মার্চ/২০১৯ তারিখের মধ্যে ডিপিপি জমা দিবেন।<br>(খ) কৃষি বিপণন সংশ্লিষ্ট এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(গ) বিভাগ ও জেলা পর্যায়ে এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দিতে হবে। | উপ-পরিচালক (সকল)<br>উপপরিচালক (আরইটিসি)<br>উপপরিচালক (আরইটিসি) |
| ৪.৭ | ইতোমধ্যে আহ্বানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প ও কর্মসূচি পরিচালক (সকল) |
| ৪.৮ | অধিদপ্তরের বাস্তবায়িত সকল প্রকল্প ও কর্মসূচির মালামাল প্রকল্প/কর্মসূচির সদর দপ্তরের ডক রেজিষ্টারে অর্ন্তভূক্ত করে পরবর্তিতে বিতরণ করতে হবে এবং প্রকল্প/কর্মসূচি সমাপ্তির পর ডেড স্টক রেজিস্টার ডিএএম প্রধান কার্যালয়ে হস্তান্তর করতে হবে। | প্রকল্প ও কর্মসূচি পরিচালক (সকল) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৩/১৯

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর